# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৫৪

২৮/ খাদ্য সম্পর্কিত (كتاب الأطعمة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

باب

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا الْعَلاَءُ بْنُ الْفَضْلِ بْنِ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سَوِيَّةَ أَبُو الْهُذَيْلِ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عِكْرَاشٍ، عَنْ أَبِيهِ، عِكْرَاشِ بْنِ ذُؤَيْبٍ قَالَ بَعَثَنِي بَنُو مُرَّةَ بْنِ عُبَيْدٍ بِصَدَقَاتِ أَمْوَالِهِمْ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَدِمْتُ عَلَيْهِ الْمَدِينَةَ فَوَجَدْتُهُ جَالِسًا بَيْنَ الْمُهَاجِرِينَ وَالأَنْصَارِ قَالَ ثُمَّ أَخَذَ بِيَدِي فَانْطَلَقَ بِي إِلَى بَيْتِ أُمِّ سَلَمَةَ فَقَالَ " هَلْ مِنْ طَعَامٍ " . فَأُتِينَا بِجَفْنَةٍ كَثِيرَةِ الثَّرِيدِ وَالْوَذْرِ وَأَقْبَلْنَا نَأْكُلُ مِنْهَا فَخَبَطْتُ بِيَدِي مِنْ نَوَاحِيهَا وَأَكَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مِنْ بَيْنِ يَدَيْهِ فَقَبَضَ بِيَدِهِ الْيُسْرَى عَلَى يَدِي الْيُمْنَى ثُمَّ قَالَ " يَا عِكْرَاشُ كُلْ مِنْ مَوْضِعٍ وَاحِدٍ فَإِنَّهُ طَعَامٌ وَاحِدٌ " . ثُمَّ أُتِينَا بِطَبَقٍ فِيهِ أَلْوَانُ الرُّطَبِ أَوِ التَّمْرِ عُبَيْدُ اللَّهِ شَكَّ قَالَ فَجَعَلْتُ آكُلُ مِنْ بَيْنِ يَدَىَّ وَجَالَتْ يَدُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي الطَّبَقِ وَقَالَ " يَا عِكْرَاشُ كُلْ مِنْ حَيْثُ شِئْتَ فَإِنَّهُ غَيْرُ لَوْنٍ وَاحِدٍ " . ثُمَّ أُتِينَا بِمَاءٍ فَغَسَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَدَيْهِ وَمَسَحَ بِبَلَلِ كَفَّيْهِ وَجْهَهُ وَذِرَاعَيْهِ وَرَأْسَهُ وَقَالَ " يَا عِكْرَاشُ هَذَا الْوُضُوءُ مِمَّا غَيَّرَتِ النَّارُ " . وَفِي الْحَدِيثِ قِصَّةٌ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ الْعَلاَءِ بْنِ الْفَضْلِ وَقَدْ تَفَرَّدَ الْعَلاَءُ بِهَذَا الْحَدِيثِ وَلاَ نَعْرِفُ لِعِكْرَاشٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم إِلاَّ هَذَا الْحَدِيثَ .

বাংলা

১৮৫৪। আহমাদ ইবনু বাশশার (রহঃ) ... ইকরাশ ইবনু যুআয়ব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, মুররা ইবনু উবায়দ গোত্র তাদের সম্পদের যাকাত দিয়ে আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট প্রেরণ করল। আমি মদীনায় তাঁর সাথে সাক্ষাৎ করলাম। আমি তাঁকে মুহাজির ও আনসারদের সামনে বসা

অবস্থায় পেলাম। তিনি (ইকরাশ) বললেন, অতপর তিনি (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমার হাত ধরে উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা-এর ঘরে নিয়ে গেলেন। অতপর বললেন, কোন খাবার আছে কি? তখন আমাদের সামনে একটি বড় পেয়ালা ভর্তি ছারীদ ও (টুকরো টুকরো করা) মাংস আনা হল, আমরা তা থেকে খাওয়া শুরু করলাম। আমি পেয়ালার এদিক ওদিক থেকে নিয়ে খাচ্ছিলাম। আর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সামনে থেকে নিয়ে খাচ্ছিলেন। অতপর তিনি তাঁর বাম হাত দিয়ে আমার ডান হাত ধরে বললেন, ইকরাশ! এক জায়গা থেকে খাও। কারণ এতো একই খাবার। অতপর আমাদের সামনে বিভিন্ন ধরণের খেজুর ভর্তি একটি পাত্র আনা হল। আমি তখন আমার সামনে থেকেই খেতে লাগলাম। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাত্রের এদিক ওদিক থেকে নিয়ে খেতে লাগলেন এবং বললেন, ইকরাশ! তোমার যেখান থেকে ইচ্ছা, সেখান থেকে নিয়ে খাও। কারণ এটা একই খাবার নয়। অতপর আমাদের সামনে পানি আনা হল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর দুই হাত ধুইলেন এবং ভিজা হাত দিয়ে তাঁর মুখমণ্ডল , উভয় বাহু ও মাথা মাসাহ করালেন এবং বললেন, হে ইকরাশ! এটাই হলো আগুনে পাকানো খাবার থেকে অযূ। যঈফ, ইবনু মাজাহ ৩২৪০, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৪৮ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি গারীব। আলা ইবনুল ফাদল (রহঃ)-এর সূত্র ছাড়া আমরা এটি সম্পর্কে অবহিত নই। আলা রাদিয়াল্লাহু আনহু একাই একটি বর্ণনা করেছেন। ইকরাশ রাদিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এ হাদীসটি ছাড়া অন্য কোন হাদীস বর্ণনা করেছেন বলে আমরা জানি না।

## English

Narrated 'Ikrash bin Dhu'aib:

"Banu Murrah bin 'Ubaid sent me to bring the Sadaqah from their wealth of the Messenger of Allah (ﷺ). I arrived with him in Al-Madinah and found him sitting between the Muhajirin and the Ansar." He said: "Then he took my hand and brought me to the home of Umm Salamah and he said: 'Do you have any food?' So a bowl containing a lot of Tharid with pieces of meat was brought to us, and presented for us to eat from it. So I began wandering my around it while the Messenger of Allah (ﷺ) ate from what was in front of him. He grabbed my right hand with his left hand, then he said: 'O 'Ikrash! Eat from one spot, for indeed the food is one.' Then a plate containing various dried dates" - or fresh dates - 'Ubaidullah (a narrator) was not sure. He said: "I began eating what was in front of me, while the hand of the Messenger of Allah (ﷺ) roamed about the plate. He said: 'O 'Ikrash! Eat from wherever you like, for indeed it is not all from the same variety.' Then water was brought, so the Messenger of Allah (ﷺ) washed his hands, and with the wetness of his hands he wiped his face, his forearms, and his head, and he said: 'O Ikrash! This is the Wudu' for that which has been altered by fire.'"

[Abu 'Eisa said:] This Hadith is Gharib, we do not know of it except through the narration of Al-'Ala' bin Al-Fadl, and Al-Ala'was alone with this narration, and there is more in the story in the Hadith. And we do not know a Hadith from the Prophet (ﷺ) by 'Ikrash except this.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ ইকরাশ ইবনু যুআয়ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22699

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন